



তথ্যবিবরণী

নম্বর- ১১৭

## নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষ্যে র্যালি ও পথসভা

রাজশাহী; ১৭ অগ্রহায়ণ (০২ ডিসেম্বর):

রাজশাহী জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের যৌথ উদ্যোগে 'আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৪' উদযাপন উপলক্ষে আজ সোমবার (০২ ডিসেম্বর) সকালে রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন শহিদ মিনার চত্বরে র্যালি ও পথসভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) টুকটুক তালুকদার। এবারের নারী নির্যাতন প্রতিরোধ পক্ষের প্রতিপাদ্য- 'নারী-কন্যার সুরক্ষা করি, সহিংসতামুক্ত বিশ্ব গড়ি'।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় টুকটুক তালুকদার বলেন, আমরা দেখতে পাই বাংলাদেশের প্রতিটি সেক্টরে নারীরা সাফল্যের সাথে কাজ করছে। নারী ও পুরুষ উভয় মিলে এই সমাজকে এগিয়ে নিয়ে যেতে হবে। কর্মক্ষেত্রে নারীদের অংশগ্রহণ আরও বেড়ে যাবে যদি নারী নির্যাতন কমে যায়। নারী নির্যাতন যে শুধু গায়ে হাত তুললে হয় তা নয়, মানসিকভাবে নারীরা অনেক জায়গায় নির্যাতিত। উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে আমরা এগিয়ে যাচ্ছি কিন্তু নারী নির্যাতন ও নারীর প্রতি সহিংসতা থেকে আমরা এখনো পুরোপুরো বেরিয়ে আসতে পারিনি।

বাংলাদেশের পেক্ষাপটে বাল্যবিবাহ একটি গুরুতর সামাজিক সমস্যা উল্লেখ করে টুকটুক তালুকদার বলেন, বাল্যবিবাহ প্রতিরোধে প্রয়োজন সামাজিক সচেতনতা। বাল্যবিবাহ প্রতিরোধে আইন থাকা সত্ত্বেও অনেক সময় গোপনে বাল্যবিবাহ হচ্ছে। অবিলম্বে এটি বন্ধ করতে হবে। এসময় তিনি নারী নির্যাতন মুক্ত বৈষম্যহীন সমাজ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন যেখানে নারীরা বাধাহীনভাবে দেশ ও সমাজের উন্নয়নে অংশ নিতে পারবে।

পথসভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক শবনম শিরিন, জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরীন। কর্মসূচিতে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের নেতৃবৃন্দ এবং গণমাধ্যমকর্মী উপস্থিত ছিলেন।

.....

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/কনক/২০২৪/১৪:৫০ ঘ.